৩৮

দৈনিক ইত্তেফাক

তারিখ .. 02 NOV 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩ জন শহীদ শিক্ষকের স্মৃতিফলক উন্মোচন

ইত্তেফাক রিপোর্ট ॥ কেন্দ্রীয় শহীদ মিনার সংলগ্ন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকায় স্বাধীনতা যুদ্ধে হানাদার বাহিনীর হাতে নিহত তিনজন শিক্ষক স্মরণে স্থাপিত একটি স্মৃতিফলক উন্মোচন করা হইয়াছে। ভিসি অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ স্মৃতিফলক উন্মোচন করেন। যে ৩ জন শিক্ষক ঐ এলাকায় কর্মরত অবস্থায় শহীদ হন তাহারা হইলেন : দর্শন বিভাগের অধ্যাপক ডঃ গোবিন্দচন্দ্র দেব, ইংরেজী বিভাগের অধ্যাপক ডঃ জ্যোতির্ময় গুহ ঠাকুরতা এবং পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ডঃ মনিরু-

(১০ম পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

( ৩য় পৃঃ পর )

জ্জামান। ফলক উন্মোচনের পূর্বে গত বৃহস্পতিবার গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক কিউ এ আই এম নুরুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক আলোচনা সভায় ভিসি অধ্যাপক এমাজউদ্দিন আহমদ প্রো-ভিসি অধ্যাপক ওয়াকিল আহমদ, বাংলা বিভাগের অধ্যাপক রফিকুল ইসলাম এবং ঠাকুরতার কন্যা ডঃ মেঘনা গুহ ঠাকুরতা বক্তব্য রাখেন। ভিসি তাহার ভাষণে বলেন দীর্ঘদিন পরে হইলেও এই স্মৃতিফলক স্থাপনের মাধ্যমে আমরা বিশ্ববিদ্যালয়ের ৩ জন স্বনামধন্য শহীদ শিক্ষকের স্মৃতিকে ধরিয়া রাখার ব্যবস্থা করিতে সক্ষম হইয়াছি।